আশুগঞ্জ সার কারখানা কলেজ
দ্বাদশ শ্রেণি পরীক্ষা-২০২১
বিষয়: ইসলামের ইতিহাস (২য় পত্র)

সময়-২ঘন্টা ১০মিনিট পূণমান-৭০

(নিচের যে কোন সাতটি উদ্দিপক সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে হবে)

১। দারিদ্র আর সামাজিক চাপে পড়ে ১২ বছরের মিনতীকে বিয়ে দিতে বাধ্য হন তার বাবা-মা। এতে মিনতীর বাবা মার জাতকুল রক্ষা হলেও দূভাগ্য তার পিছু ছাড়লনা। বিয়ের এক বছর পর স্বামী মনেশ যক্ষা রোগে মারা গেলে প্রথা অনুযায়ী মিনতীকে ও স্বামীর সাথে চিতায় প্রাণ দিতে হয়।

ক)ইন্ডিয়া শব্দটি কোন শব্দ থেকে এসেছে। ১

খ) ভারতকে নৃ-তত্বের যাদুঘর বলা হয় কেরন?

গ) মিনতীর সমাজ ব্যবহার সাথে মুসলিম বিজয়ের প্রাক্কালে ভারতের সমাজ ব্যবহার কী মিল লক্ষ্য করা যায় ব্যাখ্যা কর।

ঘ) মিনতীর সমাজ ব্যবস্থা আধুনিক সমাজব্যবস্থার পরিপন্থী বক্তব্যটি বিশ্লেষণ কর।

২। প্রিন্স টিভিতে প্রামান্যচিত্র দেখছিল।প্রামাণ্যচিত্রের বিভিন্নদৃশ্য ও বণনায় সে জানতে পারে যে,'ক' দেশের রাজার উদ্দেশ্যে'গ' দেশের রাজা কিছু মূলবান উপঢৌকন পাঠায়। পথিমধ্যে'খ'দেশের ডাকাত দল এসব উপঢৌকন লুন্ঠন করে। তাই'ক' দেশ'খ'দেশের রাজার কাছে তার ক্ষতিপূরণ দাবী করেন।'খ' দেশের রাজা তা দিতে অস্বীকার করলে'ক' দেশের রাজা সৈন্য প্রেরণ করে'খ' দেশ দখল করে নেয়।

ক) সিন্ধুর রাজধানী কোথায় ছিল?

খ) জওহর ব্রত কী?

গ) উদ্দীপকে প্রিন্সের দেখা প্রামান্য চিত্রের ঘটনার সাথে তোমার পঠিত ভারতবর্ষের ইতিহাসের কোন ঘটনার সামঞ্জস্য রয়েছে দেখাও ।

ঘ) উদ্দীপকের কারনের বাইরেও উক্ত ঘটনার আরও অনেক কারণ বিদ্যমান-কথাটি বিশ্লেষণ কর।

৩। মোঙ্গল নেতা চেঙ্গিসখান নিজ রাজা মঙ্গোলিয়ায় কর্তৃত্ব প্রতিষ্ঠার পর চীন, খাওয়ারিজম, রাশিয়া, তুর্কিস্তান, সিস্তান প্রভৃতি রাজ্যে অভিযান পরিচালনা করেন। এসব অঞ্চল বিজয় করে তিনি বিজিত অঞ্চলের ধনসম্পদ দিয়ে পিতৃরাজ্য মঙ্গোলিয়াকে স্থাপত্যিক ও সামারিক সাজে সজ্জিত করেন। মঙ্গোলিয়ায় গড়ে তোলেন মনোরম অ্টালিকা। এছাড়াও তিনি বিজিত অঞ্চলে স্থায়ী শাসন প্রতিষ্ঠা করেন।এবং চীনের পিকিং বিজয় করে সেখানে মোঙ্গলীয় শাসনরীতি প্রবতন করেন। তাছাড়া তিনি বিজিত অঞ্চলে স্থায়ী শাসন সুদৃঢ় করার লক্ষ্যে বিদ্যালয় ও প্রতিষ্ঠা করেন।

ক) সুলতান মাহমুদের বাবার নাম কী?

খ) সোমনাথ মন্দির কে অভিযান চালান?

গ) চেঙ্গিসখানের সাথে তোমার পঠিত কোন শাসকের মিল বিদ্যমান ব্যাখ্যা কর।

ঘ) মিল থাকলেও উভয় শাসকের উদ্দেশ্য ভিন্ন ধারায় প্রবাহিত-তুমি কী বক্তব্যটি সমথন কর? মতের পক্ষে যুক্তি দাও।

৪। জনাব সৌমিক চৌধুরী সাম্রাজ্যবাদী শাসক। তিনি নিজের ছোট্ট রাজ্য নিয়ে সন্তুষ্ট ছিলেন না। তাই পাশ্ববতী বৃহৎ রাজ্যে বিশৃঙ্খল পরিবেশের সুযোগ নিয়ে আক্রমন পরিচালনা করেন এবং চরমভাবে ব্যথ হন। কিন্তু পরের বৎসর তিনি দ্বিগুন উৎসাহে সৈন্যসংখ্যা বাড়িয়ে আবার ও আক্রমন করেন এবং সফল হলেন। কিন্তু তিনি নিজে এ রাজ্য শাসন করেননি।

ক) ঘুর রাজ্যটি কোথায় অবস্থিত ছিল?

খ) ঘুরীর ভারতবর্ষের দিকে দৃষ্টি নিবদ্ধ হওয়ার কারণ কী?

গ) উদ্দীপকের শাসক ব্যথ হয়েও কিভাবে স্বাথক হলেন তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের শাসক মুহম্মদ ঘুরী ও সুলতান মাহমুদের মধ্যে বিজেতা ও শাসক হিসেবে যে মৌলিক পাথক্যটি চোখে পড়ে তা সংক্ষেপে বিশ্লেষন কর।

৫। বিকেলে জাতীয় জাদুঘরে কবিতা আবৃত্তি শুনে রাতে আর ঘুমাতে পারেনি সম্পা। বিকেলে সম্পা কেঁদেছিল কাঁদতে আসিনি কবিতা শুনে। আর রাতে কেঁদেছে তোরা ঢাকা শহর রক্তে ভাসাইলি গানের লাইনটি মনে করে। তারই বন্ধু নূপুর কবিতা ও গানটি মঞ্চে উপস্থাপন করেছিল বলে সে মোটেই ভুলতে পারছেনা।
ক) পূব পাকিস্তানের প্রথম মূখ্যমন্ত্রী কে?
খ) তমদ্দুন মজলিস বলতে কী বোঝ?৫
গ) অনুচ্ছেদ পাঠ্যবইয়ের যে ঘটনার প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর।
ঘ) তুমি কি মনে কর এ ধরনের আরো কিছু গান ও কবিতা ভাষা আন্দোলনে ব্যাপক ভূমিকা রেখেছিল? পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও।
৬। জাতীয় সংসদ নিবাচনে সরকার দলীয় প্রার্থীকে লালকাড দেখাতে কয়েকজন বড় মাপের নেতা মিলে নতুন দল টহরঃবফ ষবধমঁব গঠন করেন। তারা ক্ষমতায় আসলে জনগনের কল্যানের জন্য ২১ দফা সম্বলিত নির্বাচনি প্রতিশুতি জনগনের কাছে অভিহিত করেন।খুব দ্রুত তাদের ও প্রতিশুতি সাধারণ জনগনের মনকে আকৃষ্ট করে এবং তারা নির্বাচনে বিপুল ভোটের ব্যবধানে জয়লাভ করেন।
ক) ৬ দফা ঘোষনা করা হয় কোথায়?
খ) গণপরিষদের ভাষা হিসেবে বাংলা ভাষার দাবী জানান কে?
গ) উদ্দীপকে কোন ঐতিহাসিক নির্বাচনের প্রতি ইঙ্গিত প্রদান করা হয়েছে? ব্যাখ্যা কর।
ঘ) উক্ত নির্বাচনে মুসলিম লীগের পরাজয় এবং যুক্তফ্রন্টের বিজয়ের কারণ মূল পাঠের আলোকে বিশ্লেষণ কর।
৭। শ্রেণিকক্ষে পাঠদানকালে শিক্ষক বললেন, পাকিস্তান সৃষ্টির শুরু থেকে পাকিস্তানী শাসকগোষ্ঠী আমাদের সাথে বিমাতা সুলভ আরচণ শুরু করে। এরপর তিনি তামিমকে জিজ্ঞেস করলেন তুমি একটি বৈষ্যমমূলক আচরণের ক্ষেত্র উল্লেখ করতে পারে? তামিম উত্তর দিল ভাষা সংস্কৃতি। অতঃপর শিক্ষক বোর্ডে লিখলেন অথ বরাদ্ধের চিত্রঃ

অথ বছর	পূব পাকিস্তান	পশ্চিম পাকিস্তান
১৯৫১-৫২	৭৬৩ মিলি.টাকা	১৪৭৪মিলি টাকা

ক) ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট মোট কতটি আসন পায়?
খ) যুক্তফ্রন্ট গঠনের কারণ ব্যাখ্যা কর।
গ) পূব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে বৈষম্যের ক্ষেত্রে তামিম উল্লেখিত কারণটি ব্যাখ্যা কর।
ঘ) শিক্ষক কর্তৃক বোডে লিখিত বৈষম্যই পাকিস্তানের দুই অংশের মধ্যে বিরোধের অন্যতম কারণ ছিল-পাঠ্য বইয়ের আলোকে মতামত দাও।
৮। বসনিয়া ছিল এক সময় সাবিয়ার একটি প্রদেশ। বসনিয়ানরা রাষ্ট্রে সংখ্যাগরিষ্ঠ হলেও রাষ্ট্র ক্ষমতা সার্বিয়ানদের হাতে ছিল। তারা বসনিয়ানদের ওপর বৈষম্য ও শোষননীতি গ্রহণ করলে বসনিয়াবাসী স্বায়ত্তশাসনের দাবীতে গুরুত্বপূণ কিছু দফা ঘোষণা করে আন্দোলনে ঝাপিয়ে পড়ে।সাবিয়া আন্দোলনকারীদের দমন করতে গেলে সেখানে গন আন্দোলনের সৃষ্টি হয়। শাসকগোষ্ঠীর হাতে বহু ছাত্রজনতা হতাহত হয়। যার ফলশ্রুতিতে বসনিয়া স্বাধীনতা অজন করে।
ক) কোন প্রস্তাবের ভিত্তিতে পাকিস্তান রাষ্ট্র সৃষ্টি হয়েছিল?
খ) পূব বাংলার প্রতি পাকিস্তানের রাজনৈতিক বৈষম্য ব্যাখ্যা কর।
গ) বসনিয়দের স্বায়ত্তশাসন দাবির আন্দোলনের সাথে বাঙালী কোন আন্দোলনের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর।
ঘ) বসনিয়দের আন্দোলনের মত উক্ত আন্দোলন ও স্বাধীনতার পথ সুগম করেছিল-বিশ্লেষণ কর।
৯। দই একটি বহুদলীয় গণতান্ত্রিক রাষ্ট্র। উক্ত রাষ্ট্রের জনগন ক্ষমতাসীনদের শাসন শোষনে অস্থির হয়ে ওঠে।ফলে এক সাধারণ নির্বাচনে জনগণ সুযোগ পেয়ে একটি বিশেষ দলকে জাতীয় পরিষদে একক সংখ্যাগরিষ্ঠ আসনে নির্বাচিত করে। কিন্তু ক্ষমতাসীন দল ক্ষমতা হস্তান্তরে টালবাহানা শুরু করলে উক্ত রাষ্ট্র উত্তাল হয়ে ওঠে।।
ক) ১৯৭১সালের মুক্তিযুদ্ধে জাতীয়বাদী চেতনার উন্মেষ কোন আন্দোলনের প্রভাব?
খ) ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামীলীগের বিজয় ছিল বাঙালী জাতীয়তাবাদেরই বিজয় ব্যাখ্যা কর।
গ) উপরের দৃশ্যকল্পে আমাদের স্বাধীনতাপূব কোন নির্বাচনের বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর।

ঘ) স্বাধীন ও সাবভৌম বাংলাদেশের জন্মের পিছনে উক্ত নির্বাচনের ভূমিকা কী ছিল? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

১০। মাকিন যুক্তরাষ্ট্রে অবিসংবাদিত নেতা প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন দাস প্রথা বিলোপ এবং গণতন্ত্রের নবজাগরনের উদ্দেশ্যে গ্যাটিসবাগ নামক স্থানে ১৮৬৩ সালের ১৯ নভেম্বর এক যুগান্তকারী ভাষন প্রদান করেন যা পৃথিবীর ইতিহাসে গ্যাটিসবাগ এড্রেস্ নামে খ্যাত। তার এ ভাষনের ব্যাপ্তি ছিল মাত্র ৩ মিনিট। ভাষনে তিনি গণতন্ত্র, শোষিত মানুষের মুক্তি ও অধিকারের কথা বলেছেন। পৃথিবীতে গণতন্ত্র প্রতিষ্ঠা এবং দাসপ্রথা বিলোপে এটি একটি মাইলফলক।

ক) ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ পূব পাকিস্তানে প্রদত্ত ভোটের কতভাগ পায়?

খ) মুজিবনগর সরকার সম্পর্কে বুঝিয়ে লেখ।

গ) আব্রাহাম লিংকনের ভাষনের সাথে বাংলাদেশের কোন মহান নেতার ভাষনের সামঞ্জস্য রয়েছে? ব্যাখ্যা কর।

ঘ) গণতন্ত্র ও অধিকার প্রতিষ্ঠায় উভয় নেতার ভাষন তাৎপযপূণ হলেও বাংলার মহান নেতার ভাষন ছিল আরো দিক নিদেশনামূলক ও চেতনায় উদ্দীপ্ত। বিশ্লেষণ কর।

১১। ব্রাহ্মণবাড়িয়ার পেরতলা রেল ব্রিজের পাশে একটি গণকবর আছে। এটি সম্পকে একজন প্রত্যক্ষদশী বলেন, কোঁদাল দিয়ে মাটি খুড়তেই বের হয়ে আসল মানুষের হাড়গোর আর পঁচা লাশ। পাশাপাশি দুইটি বিশালগত। আনুমানিক তিন০চারশ মানুষের মরদেহ এখানে মাটি চাপা দেওয়া হয়েছে। এগুলো স্বাধীনতা সংগ্রামী ও নিরপরাধ মানুষের সমাধি। পাকিস্তানী বাহিনী এবং রাজাকার আল বদরদের হাতে তারা শহীদ হয়েছেন।

ক) লাহোর প্রস্তাব কত সালের কত তারিখ পেশ করা হয়?

খ) ঐতিহাসিক আগরতলা মামলা বলতে কী বোঝায়?

গ) উদ্দীপকের প্রত্যক্ষদশীর বক্তব্য আমাদের কান সময়ের কথা মনে করিয়ে দেয়?ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকে উল্লিখিত প্রত্যক্ষদশীর বক্তব্যর আলোকে মহান মুক্তিযুদ্ধে সংঘটিত নির্যাতন ও গণহত্যার বিবরণ দাও।